

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ০১-০৪-২০২৪

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৮-০৩-২০২৪ থেকে ৩১-০৩-২০২৪ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে:

২৮ মার্চ: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, জলপাইগুড়ি জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া, পশ্চিম বর্ধমান, উত্তর ২৪ পরগনা ও কলকাতা জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : কল্যাণী:১

২৯ মার্চ: পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

৩০ মার্চ: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

৩১ মার্চ: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : জলপাইগুড়ি, শ্রীনিকেতন, পানাগড়:২; রামপুরহাট, সিউড়ি, দীঘা:১

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৫৯ থেকে ৭৪ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৫৭ থেকে ৮৫ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা পুরুলিয়া তে ৩০ ই মার্চে এবং বাঁকুড়া তে ৩১ ই মার্চে ৩৭.৭ ডিগ্রি সেলসিয়াস ছিল।

দিনের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
৪২০২-২০-৭২	জলপাইগুড়ি, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি,	দার্জিলিং, কালিম্পং, কোচবিহার, মালদা, বহরমপুর, কৃষ্ণনগর, দীঘা	বালুরঘাট	--	--
৪২০২-৩০-২৯	কোচবিহার, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি	মালদা, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, দীঘা	--	দার্জিলিং, জলপাইগুড়ি,	কালিম্পং,

৩০-০৩-২০২৪	কোচবিহার, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি	কালিম্পং, মালদা, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, দীঘা	--	দার্জিলিং, জলপাইগুড়ি	--
৩১-০৩-২০২৪	কালিম্পং, কোচবিহার, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি, দীঘা	মালদা, বালুরঘাট	--	দার্জিলিং, জলপাইগুড়ি	--

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

০১ এপ্রিল (দিন ১) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি জেলার কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৩ দিন, দিনের তাপমাত্রা আরও ২-৪ ডিগ্রী সেলসিয়াস বাড়বে; পরবর্তী ২দিন, তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

০২ এপ্রিল (দিন ২)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পং জেলার কয়েক জায়গায় এবং জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

০৩ এপ্রিল (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:

০১ এপ্রিল (দিন ১) -

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং, জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাত তৎসহ ঝোড়ো হাওয়া (গতিবেগ ৪০-৫০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাবার এবং তৎসহিত শিলাবৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাত তৎসহ ঝোড়ো হাওয়া (গতিবেগ ৩০-৪০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাবার সম্ভাবনা আছে।

৩) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় উষ্ণ ও অস্বস্থিকর আবহাওয়ার পরিস্থিতি থাকার সম্ভাবনা আছে।

০২ এপ্রিল (দিন ২)-

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাত তৎসহ ঝোড়ো হাওয়া (গতিবেগ ৩০-৪০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাবার সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় উষ্ণ ও অস্বস্থিকর আবহাওয়ার পরিস্থিতি থাকার সম্ভাবনা আছে।

০৩ এপ্রিল (দিন ৩) -

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাত তৎসহ ঝোড়ো হাওয়া (গতিবেগ ৩০-৪০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাবার সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি হওয়ার সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির দুয়েক জায়গায় উষ্ণ ও অস্বস্থিকর আবহাওয়ার পরিস্থিতি থাকার সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

সুজাতা সর্

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

০১-০৪-২০২৪